



বাংলাদেশ

প্রাথমিকে সংগীত শিক্ষক নিয়োগ বাতিলের প্রতিবাদে ১৫ দিনের কর্মসূচি উদ্বীচীর

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ : ০৮ নভেম্বর ২০২৫, ২২ : ৪৮



বাংলাদেশ উদ্বীচী শিল্পীগোষ্ঠী

×

বাংলাদেশ উদ্বীচী শিল্পীগোষ্ঠীর লোগো ফাইল ছবি

প্রাথমিক বিদ্যালয়ে সংগীত ও শরীরচর্চার শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত বাতিলের প্রতিবাদে দেশজুড়ে ১৫ দিন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে সাংস্কৃতিক সংগঠন বাংলাদেশ উদ্বীচী শিল্পীগোষ্ঠীর একাংশ। আজ শনিবার সকালে সংবাদ সম্মেলন করে এ ঘোষণা দেন উদ্বীচী কেন্দ্রীয় সংসদের সাধারণ সম্পাদক এবং দেশের বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিরা।

রাজধানীর জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে উদীচীর কেন্দ্রীয় সংসদের সাধারণ সম্পাদক অমিত রঞ্জন দে জানান, এই প্রতিবাদী কর্মসূচি আজ শনিবার থেকেই শুরু হয়েছে। চলবে ২৩ নভেম্বর পর্যন্ত।

অমিত রঞ্জন দে বলেন, ‘শিশুদের সাম্প্রদায়িক মনোভাবাপন্ন করে গড়ে তোলার চক্রান্ত রাখে দিতে উদীচী সব রকমভাবে সাংস্কৃতিক প্রতিবাদ জানিয়ে যাবে।’ ঘোষিত কর্মসূচির মধ্যে প্রতিবাদী সাংস্কৃতিক সমাবেশ, মানববন্ধন, গানের মিছিল, গোলটেবিল আলোচনা এবং বিশিষ্টজনদের বিবৃতি প্রদান রয়েছে।

সংবাদ সম্মেলনে নজরঢলসংগীত শিল্পী পরিষদের সভাপতি শিল্পী সুজিত মোস্তফা বলেন, ‘সংস্কৃতিতে আঘাত করলে আত্মপরিচয়ে আঘাত করা হয়। ইসলামের সূতিকাগার সৌন্দি আরবে যখন সংগীতশিক্ষার শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে, তখন বাংলাদেশে প্রাথমিক শিক্ষা থেকে সংগীতের শিক্ষকদের বাদ দেওয়া হচ্ছে। যেভাবে চলছে, তাতে মনে হয় শিক্ষাও বন্ধ হয়ে যেতে পারে।’

সংবাদ সম্মেলন সঞ্চালনার সময় উদীচীর সহসাধারণ সম্পাদক সঙ্গীতা ইমাম অভিযোগ করেন, বাংলাদেশে এখন ঋতুভিত্তিক উৎসবগুলো করার জন্যও জায়গা পাওয়া যাচ্ছে না। এর সবই ভবিষ্যতের জন্য আরও অশনিসংকেত।

গণসংগীত সমন্বয় পরিষদের সহসম্পাদক মানজার চৌধুরী বলেন, ‘বাংলাদেশের যত সুন্দর যত শুভ, তা নষ্ট করার প্রক্রিয়া রয়েছে। এখন ভুইফোড় সংগঠন চর দখলের মতো করে দখল করে নিচ্ছে সবকিছু। আমরা নিজেদের স্বকীয়তা, সৌন্দর্য নষ্ট করে সাম্প্রদায়িকতার দিকে যাত্রা করছি।’

উদীচী কেন্দ্রীয় সংসদের ভারপ্রাপ্ত সভাপতি মাহমুদ সেলিমের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে আরও বক্তব্য দেন চারণ সাংস্কৃতিক কেন্দ্রের সহসভাপতি কামারুজ্জামান ভূইয়া, রবীন্দ্রসংগীত শিল্পী সংস্থার সভাপতি মকবুল হোসেন, সংগীত সংগঠন সমন্বয় পরিষদের সহসাধারণ সম্পাদক মহাদেব ঘোষসহ অনেকে।

এদিকে বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর আরেক অংশ আগামী রোববার বিকেল চারটায় ‘উদীচী থেকে যমুনা’ শীর্ষক গানের মিছিল করবে বলে জানিয়েছে। রাজধানীর তোপখানা রোডে অবস্থিত উদীচীর কেন্দ্রীয় কার্যালয়ের সামনে থেকে শুরু করে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনা অভিমুখে এই গানের মিছিল হবে।

আজ এক বিবৃতিতে উদীচীর এই অংশ বলেছে, ‘ধর্মভিত্তিক কয়েকটি দলের হমকির মুখে সরকার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সংগীত ও শারীরিক শিক্ষাবিষয়ক শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত বাতিল করেছে, যার মধ্য দিয়ে মূলত একটি বিশেষ গোষ্ঠীর কাছে সরকারের নতজানু চরিত্রের প্রকাশ পেয়েছে বলে মনে করে উদীচী।’

